

পরিবর্তন

ইউআইইউ'র নতুন ভিসি ড. মোফিজুর

পরিবর্তন প্রতিবেদক / ১২:৫২ অপরাহ্ন, আগস্ট ১০, ২০১৮



ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ভিসি হিসেবে নিয়োগ পেয়েছেন অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান।

রাষ্ট্রপতি ও ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির চ্যান্সেলর মো. আবদুল হামিদ তাকে চার বছরের জন্য নিয়োগ দিয়েছেন।

বিশ্ববিদ্যালয়ের উপ-পরিচালক (জনসংযোগ) আবু সাদাত স্বাক্ষরিত এক সংবাদবিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়েছে, চৌধুরী মোফিজুর রহমান ২০০৩ সাল থেকে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি হিসেবে দায়িত্ব পালন করেন। ইউআইইউ-তে যোগ দেয়ার আগে তিনি ১৫ বছর বুয়েটের কম্পিউটার সাইন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ছিলেন। এ সময়ে তিনি বিভাগের চেয়ারম্যানের দায়িত্বও পালন করেন।

বুয়েট থেকে কৃতিত্বের সঙ্গে বি.এসসি, এম.এসসি শেষ করে চৌধুরী মোফিজুর রহমান মনোবসু বৃত্তি নিয়ে জাপানের টোকিও ইনস্টিটিউট অব টেকনোলজি থেকে পিএইচডি ডিগ্রি লাভ করেন।

তিনি ইউরোপীয় ইউনিয়নের তিনটি প্রকল্পের (ইলিংক, সিলিংক ও ফিউশন) যুগ্ম সমন্বয়কের দায়িত্ব পালন করেন। দেশীয় ও আন্তর্জাতিক জার্নালে তার ১৯টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে।

আইএম

নিজটির লিঙ্ক : <https://www.poriborton.com/hall/135961>

প্রধান সম্পাদক : মোঃ আহসান হাবিব

Poriborton
Bashati Horizon, Apartment # 9-A, House # 21, Road # 17, Banani, Dhaka 1213 BD
Phone: +88 029821191, +88 01779284699
Website: <http://www.poriborton.com>
Email: report@poriborton.com
editor@poriborton.com